# বিএনপি-জামায়াতসহ চার রাজনৈতিক দলের সঙ্গে বৈঠকে প্রধান উপদেষ্টা



সংগৃহীত ছবি

রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় মঙ্গলবার রাতে চারটি গুরুত্বপূর্ণ রাজনৈতিক দলের নেতাদের সঙ্গে বৈঠকে বসেছেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। বৈঠকে বিএনপি, জামায়াতে ইসলামি, জাতীয় নাগরিক পার্টি এবং ইসলামী আন্দোলনের প্রতিনিধিরা অংশ নেন।

মঙ্গলবার (২২ জুলাই) রাত ৯টায় রাজধানীর রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় চারটি রাজনৈতিক দলের নেতাদের সঙ্গে গুরুত্বপূর্ণ বৈঠকে বসেছেন প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস।

বৈঠকে বিএনপির পক্ষ থেকে উপস্থিত ছিলেন মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ও স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী। জামায়াতে ইসলামী থেকে অংশ নিয়েছেন নায়েবে আমির ডা. সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহের এবং সহকারী সেক্রেটারি জেনারেল হামিদুর রহমান আযাদ।

জাতীয় নাগরিক পার্টির প্রতিনিধি হিসেবে বৈঠকে ছিলেন দলটির আহ্বায়ক নাহিদ ইসলাম ও সদস্য সচিব আখতার হোসেন। ইসলামী আন্দোলন বাংলাদেশের পক্ষে উপস্থিত ছিলেন প্রেসিডিয়াম সদস্য অধ্যাপক আশরাফ আলী আকন ও যুগ্ম মহাসচিব গাজী আতাউর রহমান।

LENS ASIA